

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১১২.১১২.২০১৬-১৩০

তারিখঃ ৩৮/০১/২০১৮খ্রি.


বিষয়ঃ নোয়াখালী সদর উপজেলা পরিষদ নির্বাচন সংক্রান্ত রীট পিটিশন নং- ২৯৩০/২০১৪ ও ২১৬৬/২০১৪ এর বিষয়ে পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, নোয়াখালী এর স্মারক নং-৭৩৫, তারিখ-১৩/১২/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী সদর উপজেলা পরিষদ নির্বাচনে গত ২৭/০২/২০১৪খ্রি. তারিখে ভোট গণনা কালে নির্বাচন কমিশন কর্তৃক ই-মেইল বার্তার মাধ্যমে সকল কেন্দ্রের ভোট স্থগিত করা হয়। উক্ত স্থগিতাদেশের বিরুদ্ধে মহিলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী জনাব নিলুফা মমিন (যিনি ২০০৯ এর নির্বাচনেও নির্বাচিত ভাইস চেয়ারম্যান) কর্তৃক ২৯৩০/২০১৪নং রীট পিটিশন এবং চেয়ারম্যান প্রার্থী জনাব শিহাব উদ্দিন শাহিন (যিনি ২০০৯ এর নির্বাচনেও নির্বাচিত চেয়ারম্যান) ২১৬৬/২০১৪নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত মামলা দুটিতে নির্বাচন কমিশনকে পক্ষ করে দায়ের করা হয়েছে। ৪র্থ উপজেলা পরিষদ নির্বাচন সংক্রান্ত জটিলতা নিরসনকল্পে নির্বাচন কমিশন কর্তৃক মামলাগুলোর দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, নোয়াখালী সদর উপজেলা পরিষদের ৪র্থ উপজেলা পরিষদ নির্বাচন সংক্রান্ত রীট পিটিশন নং- ২৯৩০/২০১৪ এবং ২১৬৬/২০১৪ এর বিষয়ে আইনগত প্রতিদ্বন্দিতাসহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।



(মোহাম্মদ জহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, নোয়াখালী।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।